

# 🗏 আত-তারিক | At-Tariq | ٱلطَّارق

আয়াতঃ ৮৬:১৫

### 💵 আরবি মূল আয়াত:

# اِنَّهُم يَكِيدُونَ كَيدًا ﴿١٥﴾

#### 

নিশ্চয় তারা ভীষণ কৌশল করছে। — আল-বায়ান

এবং তারা (সত্যের বিরুদ্ধে) ষড়যন্ত্র করছে, — তাইসিরুল

তারা ভীষণ ষড়যন্ত্র করে, — মুজিবুর রহমান

Indeed, they are planning a plan, — Sahih International

#### ১৫. তারা ভীষণ ষড়যন্ত্র করে(১),

(১) অর্থাৎ কাফেররা কুরআনের দা'ওয়াতকে ব্যর্থ করার জন্য নানা ধরণের অপকৌশলের আশ্রয় নিচ্ছে। কুরআনের পথ থেকে মানুষদেরকে দূরে রাখতে চাচ্ছে। কুরআনের আহবানের বিপরীতে চলার জন্য ষড়যন্ত্র করছে। [ইবন কাসীর] রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে হক দ্বীন নিয়ে এসেছেন তারা তা ব্যর্থ করে দিতে ষড়যন্ত্র করছে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

## ১৫। নিশ্চয় তারা ভীষণ চক্রান্ত করে। [1]

[1] অর্থাৎ, নবী (সাঃ) যে সত্য দ্বীন নিয়ে এসেছেন তা ব্যর্থ করার জন্য তারা ষড়যন্ত্র করে অথবা নবী (সাঃ)-কে ধোকা এবং প্রতারণা দেয়। আর তাঁর মুখোমুখি এমন কথাবার্তা বলে, যা তাদের অন্তরের বিপরীত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5946

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন